

# শাবিপ্রবির ২ শিক্ষার্থীর বহিষ্কারাদেশ প্রত্যাহার

শাবিপ্রবি প্রতিনিধি

২৫ সেপ্টেম্বর ২০২৩, ০৭:৩৪ পিএম



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) পলিটিক্যাল স্টাডিজ বিভাগের প্রথম বর্ষের দুই শিক্ষার্থীর সাময়িক বহিষ্কারাদেশ প্রত্যাহার করেছে কর্তৃপক্ষ। এই বিভাগের নবীন শিক্ষার্থীকে র্যাগ দেওয়ার অভিযোগে তাদেরকে সাময়িক বহিষ্কার করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আজ সোমবার বিশ্ববিদ্যালয়ের ২২৯তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

তিনি বলেন, র্যাগিংয়ের অভিযোগে সাময়িক বহিষ্কৃত পলিটিক্যাল স্টাডিজ বিভাগের দুই শিক্ষার্থীর বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে। পাশাপাশি তাদের সতর্ক করা হয়েছে। পরে তাদের বিরুদ্ধে কোনো শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এর আগে গত ৩ সেপ্টেম্বর পলিটিক্যাল স্টাডিজ বিভাগের ২০২২-২৩ সেশনের নবীন শিক্ষার্থীকে র্যাগ দেওয়ার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হলে ২০২১-২০২ শিক্ষাবর্ষের দুই শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়। এ ঘটনা অধিকতর তদন্তের জন্য ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।